উপজেলা পরিষদ
কক্সবাজার সদর, কক্সবাজার।

## জুন/২০২৫ মাসের কক্সবাজার সদর উপজেলা পরিষদের ১২ তম মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ নীলুফা ইয়াসমিন চৌধুরী<br>প্রশাসক, উপজেলা পরিষদ, কক্সবাজার সদর, কক্সবাজার। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ |
| সভার তারিখ ও সময় | ঃ ৩০ জুন ২০২৫, সকাল-১০.০০ টা |
| সভার উপস্থিতি | ঃ পরিশিষ্ট-"ক"তে সন্নিবেশিত। |

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি সভা পরিচালনা করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জনান। উপজেলা প্রকৌশলী বিগত ১১ম মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। অতঃপর সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে সভাপতি বিভাগওয়ারী স্ব-স্ব কর্মকর্তাগণকে তাদের দপ্তরের কর্মকান্ড সম্পর্কে সভায় অবহিত করার জন্য অনুরোধ জানালে নিন্মোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসঃ**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন যে,<br>১। অত্র সদর উপজেলার ৩০টি কমিউনিটি ক্লিনিক ও ০১টি উপস্বাস্থ্য কেন্দ্র এর নিয়মিত সেবা প্রদান<br>২। মামুন পাড়া কমিউনিটি ক্লিনিক খুরুশকুল এবং মাইজ পাড়া কমিউনিটি ক্লিনিক চৌফলদন্ডী উভয়ই সিসিতে সিএইচপিগন মাতৃত্বকালীন ছুটিতে থাকায় অন্যান্য সিএইচসিপি ও স্বাস্থ্য সহকারী এবং এফডব্লিউর এর সমন্বয়ে নিয়মিত সেবার কার্যক্রম পরিচালিত হচ্ছে।<br>৩। বর্তমানে প্রত্যেকটি কম্যিউনিটি ক্লিনিকে পর্যাপ্ত পরিমাণে ঔষুধ ও অন্যান্য লজিস্টিকস বিদ্যমান রয়েছে।<br>৪। চলিত মাসে ০৭ এপ্রিল ২০২৫ ইং বিশ্ব স্বাস্থ্য দিবস এবং ২০ এপ্রিল/২০২৫ ইং বিশ্ব ম্যালেরিয়া দিবস সমুহ জেলা স্বাস্থ্য বিভাগের সমন্বয়ে র‍্যালি, আলোচনা সভা, ডয়াবেটিক ও ম্যালেরিয়া রোগ নির্ণয়ে মেডিকেল ক্যাম্প ইত্যাদি উদযাপন করা হয়েছে।<br>৫। বর্তমানে সপ্তাহ ব্যাপী ২৪ এপ্রিল থেকে ৩০ এপ্রিল /২০২৫ ইং তারিখ পর্যন্ত জাতীয় টিকাদান সপ্তাহ উদযাপিত হচ্ছে। তৎমধ্যে -<br>ক) সকল স্বাস্থ্য সহকারী/ টিকাদান কর্মীগণ স্বাস্থ্যবিধি মেনে অভিভাবকদের সাথে টিকার গুরুত্ব সম্পর্কে আলোচনা করে শিশু ও নারীদের টিকাদানের ব্যাপারে উদ্বোদ্ধকরণ ।<br>খ) প্রস্তুতকৃত বাদপড়া বা আংশিক বাদপড়া এসব শিশু ও নারীদের নিয়মিত টিকাদান সেশনের মাধ্যমে আগামী ৩১ মে/২৫ খ্রিঃ তারিখে মধ্যে টিকাদান নিশ্চিত করন।<br>গ) আংশিক বাদপড়া শিশু ২৫ মাস- ৩৬ মাস বয়স পর্যন্ত প্রাপ্যতা অনুযায়ী টিকা প্রদান।<br>ঘ) মহিলাদের টিডি টিকা প্রাপ্তি নিশ্চিত করনে নবজাতক শিশুসহ মা/ নারীদের ধনুষ্টকারের আক্রান্তের হাত থেকে নিরাপদ নিশ্চিত করন।<br>৬। জেলা স্বাস্থ্য বিভাগের নির্দেশনা মোতাবেক সকল ধরণে মেডিকেল টিম গঠন করতঃ সকল কার্যক্রম সম্পাদন করন। | চলমান কার্যক্রম অব্যাহত থাকবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সদর, কক্সবাজার |
| **আইসিটি অধিদপ্তর , সদর, কক্সবাজার**ঃ উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় জানান যে,<br>১। হার পাওয়ার প্রকল্প ঃ ভাতা ও সার্টিফিকেট বিতরণ দ্রুতই সম্পনন হয়েছে।<br>২। ইডিসি প্রকল্প ঃ ডি- সেট সেন্টারের কাজ চলমান। ৭০টি কানেকশ প্রদন করা হয়েছে।<br>৩। আইসিটিডি ল্যাব ঃ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে।<br>৪। ওয়েবপোর্টাল ঃ ডি-নথি সংক্রান্ত সাপোর্ট নিয়মিত প্রদান করা হচ্ছে।<br>এছাড়াও অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক আছে। | প্রশিক্ষণ চলমান থাকবে। আইসিটি অফিসার প্রশিক্ষণে সহায়তা ও মনিটরিং করবেন। | উপজেলা আই সি টি অফিসার, কক্সবাজার সদর, কক্সবাজার। |

CamScanner

<table>
<tr>
<td>ইউনিয়ন পরিষদের মাসিক সভা সংক্রান্ত ঃ<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, প্রত্যেক ইউনিয়ন পরিষদে প্রতিমাসে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী মাসের প্রথম সপ্তাহে এ কার্যালয়ে প্রেরণের জন্য সরকারিভাবে নির্দেশনা রয়েছে কিন্তু ইউনিয়ন পরিষদ থেকে তা যথাসময়ে প্রেরণ করা হয় না, যা অনভিপ্রেত। প্রতি মাসে আবশ্যিকভাবে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য সভায় আলোচনা হয়।</td>
<td>ইউনিয়ন পরিষদে প্রতি মাসে মাসিক উন্নয়ন সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী নির্ধারিত তারিখে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করণের বিষয়ে ইউপি চেয়ারম্যান/প্রশাসক ও ইউপি সচিবগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</td>
<td>ইউপি চেয়ারম্যান/ প্রশাসক (সকল) সদর, কক্সবাজার সচিব ইউপি (সকল) সদর, কক্সবাজার।</td>
</tr>
<tr>
<td>উপজেলা প্রাণিসম্পদ অফিসঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে,<br>১। (ক) গবাদি পশু ১৯৫০টি ও হাস মুরগি ১৪১২০০টি কে টিকা প্রদান করা হয়। প্রজনন কার্যক্রমের আওতায় উপজেলায় ৩৮৮টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে।<br>পূর্বে প্রজননকৃত গাভীর মধ্যে হতে আলোচ্য মাসে ৯৯টি সংকর জাতের বাচ্চা জন্ম হয়েছে।<br>২। অত্র দপ্তর কর্তৃক ১৮৮১ টি গবাদিপশু, ২৪টি পোষা প্রাণি ও ১৩১৭৮ টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে।<br>৩। (ক) ডিম উৎপাদন ০.৪২০৪৬ কোটি (খ) দুধ উৎপাদন ১৯৯৫.১৫ মেঃ টন। (গ) মাংস উৎপাদন ৩৫৮৯.৯২ লক্ষ মেঃ টন।</td>
<td>কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,সদর, কক্সবাজার</td>
</tr>
<tr>
<td>উপজেলা কৃষি অফিস ঃ উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে,<br>১. আমন আবাদ বৃদ্ধির লক্ষ্যে খরিদ-২ মৌসুমে উপজেলায় প্রনোদনা কর্মসূচীর ৯৭৫ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনা মুল্যে বীজ ও সার বিতরণ করা হয়।<br>২. খরিদ-২ মৌসুমে নারিকেল আবাদ বৃদ্ধির লক্ষ্যে ২০০ জন কৃষকের মাঝে নারিকেল চারা এবং বিভিন্ন প্রতিষ্ঠানের মাঝে ৩০০ টি নারিকেল চারা বিতরণ করা হয়।<br>৩. লেবু, আম আবাদ বৃদ্ধির লক্ষ্যে ৫০জন কৃষকের মাঝে চারা বিতরণ করা হয় এবং বিভিন্ন কৃষক গ্রুপের মাঝে ১০০টি তাল চারা বিতরণ করা হয়। এছাড়া বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৫০০ জন শিক্ষার্থীর মাঝে বিভিন্ন ফলজ চারা বিতরণ করা হয়।<br>৪. ডিলারদের নিকট পর্যাপ্ত সার মজুদ আছে। সারের কোন সংকট নাই। নিয়মিত পরিদর্শন করে বিক্রির অনুমতি দেওয়া হচ্ছে। ৩০/০৬/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত সারের মজুদ নিম্নরুপ
<table>
<tr><th>ক্র নং</th><th>সারের নাম</th><th>বর্তমান মজুদ পরিস্থিতি (টন)</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>ইউরিয়া</td><td>১২৭</td><td rowspan="4">নিয়মিত পরিদর্শন করে বিক্রির অনুমতি দেওয়া হচ্ছে</td></tr>
<tr><td>২</td><td>টিএসপি</td><td>৫০</td></tr>
<tr><td>৩</td><td>এমওপি</td><td>৬৪</td></tr>
<tr><td>৪</td><td>ডিএপি</td><td>৪৮</td></tr>
</table>
৫. কীটনাশকের পরিবর্তে জৈব বালায় নাশক ব্যবহার জোরদার করার ব্যাপারে কৃষকদের উৎসাহিত করা হচ্ছে।<br>৬. বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছ।</td>
<td>চলমান কার্যক্রম অব্যাহত থাকবে</td>
<td>উপজেলা কৃষি অফিসার কক্সবাজার সদর, কক্সবাজার।</td>
</tr>
<tr>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, কক্সবাজার সদর উপজেলার ৫টি ইউনিয়নের মোট সক্ষম দম্পতি সংখ্যা- ৬৬,২৬১ জন। মোট পদ্ধতি গ্রহণকারী ৫১,৩২৪ জন এবং গ্রহণকারীর হার ৭৭.৪৫%। খাবার বড়ি গ্রহণকারীর সংখ্যা (নতুন ) ১১৩ জন কনডম গ্রহণকারীর সংখ্যা (নতুন)-৬৭ জন ইনজেকটেবলস গ্রহণকারীর সংখ্যা (নতুন)- ৮৯ জন আইইউডি গ্রহণকারীর সংখ্যা (নতুন) ২২ জন ইম্প্ল্যান গ্রহণকারীর সংখ্যা (নতুন) ৯৪ জন, স্থায়ী পদ্ধতী গ্রহণকারীর সংখ্যা (নতুন) ১৮ জন, স্যাটেলাইট ক্লিনিকের সংখ্যা ১৭টি, UH&FWC -তে সাভাবিক প্রসব সেবা প্রদানের সংখ্যা ১৪৮ টি।</td>
<td>কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সদর, কক্সবাজার</td>
</tr>
</table>



CamScanner

**সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ঃ**

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য অধিদপ্তরের ১ নভেম্বর ২০২৪ খ্রিঃ হতে ৩০ জুন ২০২৫ খ্রিঃ পর্যন্ত মোট ৮ (আট) মাস জাটকা সংরক্ষণ কার্যক্রম সদ্যই সফলভাবে শেষ হয়েছে। একই সাথে ৫৮(আটান্ন) দিনের বন্ধ মৌসুম এ মাসেই সফলভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া সমুদ্রগামী মৎস্য নৌযান, যাদের গ্রস টন ১৫(পনেরো) এর মধ্যে সেসব আর্টিসানাল নৌযানের ৩ বছর মেয়াদি অনুমতিপত্র প্রদান কার্যক্রম চলমান রয়েছে। উল্লেখ্য যে, অধ্যবদি ২৯০টি সমুদ্রগামী আর্টিসানাল নৌযানকে ৩ বছর মেয়াদী অনুমতিপ্রত্র প্রদান করা হয়েছে। এছাড়াও দপ্তরের নিয়মিত মাঠ পরিদর্শন, পরামর্শ ও সেবামুলক কার্যক্রম সমুহ অব্যাহত আছে।

চলমান কার্যক্রম অব্যাহত থাকবে।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সদর, কক্সবাজার

**উপজেলা সমবায় অফিস ঃ** উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে,

০১। আশ্রয়ন প্রকল্প ফেইজ-১, বড়ছরা আশ্রয়ন প্রকল্পের আবাস পথে প্রাপ্ত বরাদ্ধ ৮,০০,০০০/- টাকা। বর্তমান মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভুত দাদনের পরিমাণ ১৬,০৮,০০০/- টাকা এবং আদায়ের পরিমাণ ১১,১৭,২৮৩/- টাকা, বকেয়া ঋণের পরিমাণ-৪,৯০,৭১৭/- টাকা।

০২। আশ্রয়ন প্রকল্প ফেইজ-২, বড়ছরা আশ্রয়ন প্রকল্পের আবাস পথে প্রাপ্ত বরাদ্ধ ৭,০০,০০০/- টাকা। বর্তমান মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভুত দাদনের পরিমাণ ১১,৭৭,০০০/- টাকা এবং আদায়ের পরিমাণ ৬,৭০,৪১১/- টাকা, খেলাপী ঋণের পরিমাণ-৫,০৬,,৫৮৯/- টাকা।

০৩। অত্র কার্যালয়ে মোট সমিতির সংখ্যা-৩১৪টি, কার্যকর সমিতির সংখ্যা-১৭৭ টি, অকার্যকর সমিতির সংখ্যা-৯২টি, অবসায়নে ন্যাস্ত সমিতির সংখ্যা-৪৫টি।

০৪। নিরিক্ষা ফি আদায়কৃত (ক) কেন্দ্রীয় (খ) প্রাথমিক (সাধারণ) ও পউবো ) (এপিএ অনুযায়ী )

| সমিতির ধরণ | আদায় যোগ্য অডিট ফি এর পরিমান | আদায়কৃত অডিট ফি এর পরিমান |
|---|---|---|
| ক. কেন্দ্রীয় | ২৭৫০ | ২৭৫০ |
| খ. প্রাথমিক | ৬৩২০০ | ৬৩২০০ |
| মোট | ৬৫৯৫০ | ৬৫৯৫০ |

০৫। সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত (ক) কেন্দ্রীয় (খ) প্রাথমিক (সাধারণ) ও পউবো ) (এপিএ অনুযায়ী )

| সমিতির ধরণ | আদায় যোগ্য সিডিএফ এর পরিমান | আদায়কৃত সিডিএফ এর পরিমান |
|---|---|---|
| ক. কেন্দ্রীয় | ৮২৫ | ৮২৫ |
| খ. প্রাথমিক | ১৮৯২০ | ১৮৯২০ |
| মোট | ১৯৭৪৫ | ১৯৭৪৫ |

কক্সবাজার সদর উপজেলায় কোন নিবন্ধিত সমবায় সমিতি জনগণকে অতিলোভের প্রলোভন দেখিয়ে অনিয়মতান্ত্রিক ভাবে আর্থিক লেনদেন করে থাকলে মহোদয়সহ সমন্বয় সভায় অবহিত করা হবে।

চলমান কার্যক্রম আরো জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা সমবায় কর্মকর্তা সদর, কক্সবাজার

**উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকতা সভায় জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তর সদর,কক্সবাজার কার্যালয়ে শুরু থেকে ৮৩২ জন যুবক ও যুব মহিলাকে ৩৩,৭০৩,০০০/- টাকার যুব ঋণ দেওয়া হয়েছে। আর ক্রমপুঞ্জিত আদায় হয়েছে ২৯,০৪,৯২৩/-টাকা। ঋণ আদায়ের হার ৯৪%। চলতি মাসসহ ক্রমপুঞ্জিত প্রশিক্ষণকারীর সংখ্যা ৭২৩০ জন এ পর্যন্ত অত্র দপ্তরের নিবন্ধিত যুব সংগঠনের সংখ্যা ৬৬টি। এই পর্যন্ত ২৫টি যুব সংগঠন যুব ও ক্রিড়া মন্ত্রণালয় থেকে অনুদান পেয়েছে। অত্র দপ্তরের অন্যান্য সকল কাজ স্বাভাবিক নিয়মে চলছে।

চলমান কার্যক্রম আরো জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা যুব উন্নয়ন অফিসার কক্সবাজার সদর,কক্সবাজার

**উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (বিআরডিবি)ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (বিআরডিটি) সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোড( বিআরডিবি) ঃ- বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের অধীনে অত্র উপজেণার আবর্তক কর্মসীচীতে দীর্ঘদিন ধরে নিম্নলিখিত পরিমাণ খেলাপী রয়েছেঃ-

আবর্তক কর্মসূচীর ডিটেইল লিষ্ট -৩০/০৬/২০২৪ খ্রী.

| ক্র. নং | সমিতির নাম | ঋণ বিতরনের তারিখ | ঋণ বিতরনের পরিমাণ | ঋণ আদায় | মাঠে বকেয়া | | | সাধারণ খতিয়ানের পৃ: নং |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | চলতি | খেলাপী | মোট | |
| ১ | গজালিয়া কে.এস.এস | ১৮/০২/০৪ | ২৫২০০০ | ২১৮০০০ | ০ | ৩৪০০০ | ৩৪০০০ | ০৩ |
| ২ | ভাঃ দঃ সাঃ পাড়া কেএসএস | ২০/৫/০৪ | ২৮০০০০ | ৭২৫০০ | ০ | ২০৭৫০০ | ২০৭৫০০ | ৩৯ |
| ৩ | ইসলামপুর খানঘোনা কেএসএস | ২৭/০২/০৭ | ৪৭৪০০০ | ৪২১৭৫ | ০ | ৪৩১৮২৫ | ৪৩১৮২৫ | ১২ |
| ৪ | পূর্ব ধর্মছড়া কেএসএস | ০২/১১/০৪ | ২৪৫০০০ | ৪৪২৩৬ | ০ | ২০০৭৬৪ | ২০০৭৬৪ | ১৩ |
| ৫ | পশ্চিম ধর্মছড়া কেএসএস | ০২/১১/০৪ | ২১০০০০ | ৩৩৬২০ | ০ | ১৭৬৩৮০ | ১৭৬৩৮০ | ১৫ |

পরবর্তী সভার পূর্বে আবশ্যিকভাবে কার্যপত্র প্রেরণ করবেন।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (বিআরডিবি), কক্সবাজার,সদর, কক্সবাজার।

CamScanner

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৬ | পঃ বামন কাটা কেএসএস | ২৮/০৪/০৬ | ২১০০০০ | ৭৩৭৩৩ | ০ | ১৩৬২৬৭ | ১৩৬২৬৭ | ২০ |
| ৭ | মধ্যম জানার ঘোনা কেএসএস | ০৮/১০/০৭ | ২১৭০০০ | ১৩৬৪৫০ | ০ | ৮০৫৫০ | ৮০৫৫০ | ২৪ |
| ৮ | ভারুয়াখালী উঃ সাঃ পাড়াকে.এস.এস | ১৯/৪/০৭ | ৪৫৭০০০ | ১২৪০৮০ | ০ | ৩৩২৯২০ | ৩৩২৯২০ | ৩৬ |
| ৯ | মঃ নাপিত খালী কেএসএস | ৪/৩/০৯ | ৩৬৭০০০ | ১৮৩৯৬৫ | ০ | ১৮৩০৩৫ | ১৮৩০৩৫ | ৩৮ |
| | সর্বমোট | | ২৭১২০০০ | ৯২৮৭৫৯ | ০ | ১৭৮৩২৪১ | ১৭৮৩২৪১ | |

উল্যেখ্য যে, বকেয়া আসল টাকার সাথে প্রচুর পরিমাণ সার্ভিস চার্জ হিসাব করা আচে, যা এখানে দেখানো হয়নি। সুফলভোগী ঋণ গ্রহীতাবৃন্দ আসল টাকা পরিষোধ করলে সেবা মূল্যের একটি বৃহৎ অংশ মওকুফ করা যাবে। ঋণ আদায়ের লক্ষ্যে পূর্বের ইউএনও মহোদয়দের মত বর্তমান ইউএনও মহোদয়দের প্রতিও ঋণ আদায়ের লাল নোটিযে স্বাক্ষর করার জন্য একান্তভাবে অনুরোধ করা হল।

**উপজেলা পল্লী জীবিকায়ন কর্মসূচি (পজিপ)ঃ** উপজেলা প্রকল্প কর্মকর্তা, (পজীপ) কর্মকর্তা সভায় জানান যে,

১। সাংগঠনিক কার্যক্রমঃ

| ক্রঃ নং | কর্মসূচি/প্রকল্প | সমিতিগঠন | | | সদস্য ভর্তি | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | ক্রমপুঞ্জিত | লক্ষ্যমাত্রা | অর্জন | ক্রমপুঞ্জিত |
| ০১ | পজীক | ১২০ | ১০৬ | ১০৬ | -- | -- | ৩৫৩৩ |
| ০২ | পজীপ | ২৭ | ২৫ | ২৫ | ২৪০ | ১৫০ | ৭৮০ |

২। পুঁজিগঠন (লক্ষটাকায়)ঃ

| ক্রঃ নং | কর্মসূচি/ প্রকল্প | শেয়ার | | | সঞ্চয় | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | ক্রমপুঞ্জিত | লক্ষ্যমাত্রা | অর্জন | ক্রমপুঞ্জিত |
| ০১ | পজীক | --- | -- | ৫.৩৬ | ১.৪৩ | -- | ২৫.৮৯ |
| ০২ | পজীপ | -- | -- | -- | ১৬.৫০ | ৬.৩৩ | ২২.৮৬ |

৩। ঋণবিতরণ ও আদায় (লক্ষ টাকায়)ঃ

| ক্রঃ নং | কর্মসূচি /প্রকল্প | বছরেবিতরণ | | | বছরেআদায় | | | ক্রম পুঞ্জিত আদায়ের হার |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | ক্রমপুঞ্জিত | লক্ষ্যমাত্রা | অর্জন | ক্রমপুঞ্জিত | |
| ০১ | পজীক | -- | -- | ১২০১.৮৮ | ৯৭.৩৯ | ২.৭৪ | ১১০৭.২৩ | ৯৩% |
| ০২ | পজীপ | ২১৫.২২ | ১৩৩.১৫ | ৩৩৭.৮৫ | ৯১.৭৫ | ৬৪.৫৫ | ১৬০.৯৫ | ৭০% |

এছাড়া চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের ০৬টি ব্যাচের মোট ২৪০ জনের আয়বর্ধনমুলক প্রশিক্ষণের বরাদ্ধ পাওয়া গিয়েছে। ইতিমধ্যে ০৪ ব্যাচের মোট ১৬০ জন সদস্যকে হাসমুরগি পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।

চলমান কার্যক্রম আরো জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প কর্মকর্তা (পজীপ), কক্সবাজার,সদর, কক্সবাজার।

**পল্লী সঞ্চয় ব্যাংকঃ** শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কক্সবাজার সদর সভায় জানান যে, শাখার জনবল সক্রান্ত তথ্যাদি নিম্নে ছক আকারে উপস্থাপন করেন।

**ছক (ক)**

| ক্রমিক নং | অফিসের নাম | অনুমোদিত জনবল | কর্মরত জনবলের সংখ্যা | শূন্য জনবলের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক | ২৬ | ১৮ | ০৮ | |

শাখার কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি লক্ষ টাকায়

ছক (খ)

| সমিতিরি সংখ্যঅ | সদস্য সংখ্যা | মোট সঞ্চয় | সরকার কর্তৃক প্রদত্ত অনুদান | মোট ঋণ গ্রহিতা | মোট বিতরণ | মোট আদায় | মোট অনাদায় ঋণ | মোট কেলাপি | উঠান বইঠক |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২৯৮ | ১১৪৫১ | ৫২৩.৪৭ | ৭৪০.৪৫ | ৪৮৫৩ | ২৮৯৪.১৯ | ২৫৪৪.৬৩ | ১৩৪৫.২৮ | ৫১৫.৫১ | ১৯২ |

চলমান কার্যক্রমকে আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কক্সবাজার সদর, কক্সবাজার

| | | |
|---|---|---|
| **উপজেলা পরিসংখ্যান অফিসঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, এপ্রিল/২০২৫ এ চলমান কার্যক্রমসমূহ ঃ ০১. MICS প্রকল্পের কার্যক্রম ২. ISP প্রকল্পের কার্যক্রম ৩. QIIP প্রকল্পের কার্যক্রম ৪.CPI প্রকল্পের কার্যক্রম ৫.ISP প্রকল্পের কার্যক্রম ৬. SVRS প্রকল্পের কার্যক্রম । এছাড়া দপ্তরের বাকি কার্যাবলী স্বাভাবিক রয়েছে। | চলমান কার্যক্রম ত্বরান্বিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সদর, কক্সবাজার |
| **উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) অফিসঃ** উপ-সহাকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, যেখানে সেখানে নলকুপ স্থাপনের কারণে পানিরস্থর নিচে নেমে যাচেছ বিধায় উপজেলা ওয়ার্টসন কমিটির মাধ্যমে যেখানে সেখানে যেন নলকুপ স্থাপন করতে না পারে সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। | চলমান কার্যক্রম ত্বরান্বিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কক্সবাজার সদর, কক্সবাজার। |
| **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কক্সবাজার সদর,কক্সবাজারঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে,** কক্সবাজার সদর এলএসডি'র ২৬/০৬/২০২৫ খ্রিঃ তারিখের মজুদ চাল ২৫৫৪ মেঃ টন এবং গম ৪৭৪. মেঃ টন। কক্সবাজার পৌরসভায় ওএমএস খাতে দৈনিক ১২ জন ডিলারের মাধ্যমে ১ (এক) মেঃ টন চাল ও ১.৫০০ মেঃ টন আটা মোট ১২ মেঃ টন চাল ও ১৮ মেঃ টন আটা বিক্রি কার্যক্রম চলমান আছে। কক্সবাজার সদর উপজেলায় ০৫টি ইউনিয়ন পরিষদের অধিনে ভিডব্লিউবি খাতে মোট ২৪.৫৭০ মেঃ টন পুষ্টি (কার্ণেল) মিশ্রিত চাল এবং খাদ্য বান্ধব খাতে বছরের মার্চ, এপ্রিল, সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর মোট ০৫ মাস মোট ৫৫২৮ জন উপকারভোগীর মাঝে প্রতি মাসে ১৫/- কেজী দরে ৩০ কেজী হারে পুষ্টি (কার্ণেল) মিশ্রিত চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ও টিসিবি, জিআর, কাবিখা, ভিজিএফ, ইপি ও ওপি খাতে সরকার নির্ধারিত বরাদ্দ অনুযায়ী খাদ্য শষ্য বিতরণ কার্যক্রম চলমান আছে।<br><br>কক্সবাজার সদর এল এস ডি'র সীমানা প্রাচীরের অভ্যন্তরে জোরপূর্বক দখলের উদ্দেশ্যে ১০ শতক জায়গা দাবি করে জৈনক মোস্তাফিজুর রহমান কর্তৃক অপর মামলা নং ১৫৬৯/২০২১ রুজু করা হয়েছে, যা সিনিয়র সহকারী জজ আদালত, কক্সবাজার এ বিচারাধিন রয়েছে।<br><br>মহোদয়ের কার্যালয়ে দক্ষিণ- পূর্ব পার্শ্বে অবস্থিত ঝিলংজা এলএসডি'র দক্ষিণ ও পশ্চিম পার্শ্বে সীমানা প্রাচীর সংলগ্ন ভবনের মালিক কর্তৃক রাতে আধারে সীমানা প্রাচীর ছিদ্র করে তাদের পয়নিষ্কাশনের পাইপ থেকে শুরু করে যাবতীয় দৈনন্দিন ব্যবহারের আবর্জনা এল এস ডির অভ্যন্তরে নিক্ষেপ করায় সারাবছর জুড়ে স্যাত স্যাতে থাকে । উক্ত আবর্জনা হতে মশা ও বিভিন্ন পোকামাকড় থেকে শুরু করে বিভিন্ন রোগজীবানু সৃষ্টি হচ্ছে। এর ফলে উক্ত এলএসডিতে বসবাসরত কর্মকর্তা-কর্মচারীদের পরিবারের সদস্যগণ বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছে। বার বার অনুরোধ সত্বেও ভবণ মালিক কর্তৃক সমস্যা সমাধানের কোন উদ্যেগ গ্রহণ করা হয়নি। এর বিষয়ে মহোদয়ের সদয় হস্তক্ষেপ কামনা করছি। | চলমান কার্যক্রম ত্বরান্বিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কক্সবাজার সদর,কক্সবাজার। |
| **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে ( টিআর) (কাবিখা-কাবিটা) বরাদ্দ পাওয়া গেছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | চলমান কার্যক্রম অব্যাহত থাকবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,সদর,কক্সবাজা |
| **উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়ঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে,<br>১। বয়স্ক, বিধবা, প্রতিবন্ধি, অনগ্রসর ও হিজড়া জনগোষ্ঠির ভাতা ও উপবৃত্তির ২য় কিস্তির (অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর/২০২৪) পে-রোল অত্র কার্যালয় থেকে প্রেরণ করা হয়েছে। ইতিমধ্যে অধিকাংশের "নগদ" একাউন্টে ভাতার টাকা দেওয়া হয়েছে। বর্তমানে হ্যাকার চক্র সক্রিয় হয়ে উঠেছে। কখনও পিন পাসওয়ার্ড নিচ্ছে। কখনও ওটিপি। কখনও ওটিপির সাথে কিছু সংখ্যা যোগ বিয়োগ করে জানাতে বলছে। নদিলে ভাতা বন্দ করে দেবার হুমকি দিচ্ছে। এ ব্যাপারে অত্র কমিটির সকলকে, বিশেষ করে ইউপি চেয়ারম্যানদেরকে মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারনা করে ভাতাভোগীদের সচেতন করার জন্য অনুরোধ করা হলো। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত থাকবে। | উপজেলা নির্বাহী অফিসার,সদর, কক্সবাজার।<br>এবং<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা,সদর,কক্সবাজার |
| **উপজেলা শিক্ষা অফিসঃ** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, অত্র সদর উপজেলাধীন বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিখন ঘাটতি নিরসনের জন্য অধিদপ্তর কর্তৃক ৩য়, থেকে ৫ম শ্রেণির শিখন ঘাটতির স্তর নির্ধারণের জন্য বেইসলাইন সার্ভে চলমান রয়েছে। পরবর্তী শিখন ঘাটতি নিরসনের জন্য নভেম্বর/২০২৫ পর্যন্ত সময় নির্ধারণ করে দেওয়া হয়েছে। বিদ্যালয়ের ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের মেরামত ও সংস্কার এর ২০২৫-২৬ অর্থ বছরের তালিকা নির্ধারণেল কাজ চলমান রয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। বিদ্যালয়ে শিক্ষার্থীর নিয়মিত উপস্থিতির জন্য প্রাথমিক শিক্ষা অধিপদপ্তর কর্তৃক শিক্ষার্থীদের মধ্যে স্কুল ফিডিং চালু করার নির্দেশনা রয়েছে। ২০২৫-২৬ অর্থ বছরের জন্য মেরামত যোগ্য বিদ্যালয়ের তালিকা প্রনয়ণের কাজ চলমান রেয়েছ। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়। | উপজেলা শিক্ষা অফিসার সদর, কক্সবাজার |
| **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসঃ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, কক্সবাজার সদর উপজেলায় ০৭ (সাত)টি কেন্দ্রে এস এস সি/ দাখিল/ ভোকেশনাল পরিক্ষা-২০২৫ গত ১০-০৪-২০২৫ খ্রিঃ হতে আরম্ভ হয়ে সুষ্ঠুভাবে নকলমুক্ত পরিবেশে সকলের সহযোগিতায় শেষ পর্যায়ে চলমান রয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রেরিত উপজেলাধীন সকল মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানের মেয়ে শিক্ষার্থীদের জন্য পুষ্টিকার্যক্রম আইরণ "ফলিক এসিড" বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | চলমান কার্যক্রমকে আরও ত্বরান্বিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, কক্সবাজার। |



CamScanner

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ- উপ- পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কক্সবাজার সভায় জানান যে,**<br>০১। ইউনিয়ন ভিডব্লিউবি এই কর্মসূচির আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরের অনলাইন আবেদন চলামান রয়েছে।<br>০২। ক্ষুদ্র ঋণঃ- কক্সবাজার সদর উপজেলা পৌরসভাসহ ৩০১ জন দুস্থ মহিলাদেরকে ৩১,৩৫,০০০/- টাকা ক্রম পুঞ্জিত ঋণ বিতরণ করা হয়েছে।<br>০৩। মাও শিশু সহায়তা তহবিল ঃ- কক্সবাজার সদর উপজেলায় ৫টি ইউনিয়নের ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দ অনুযায়ী ১৫৩৬ জন ভাতাভোগীদের G2P পদ্ধতিতে ভাতা চলমান আছে।<br>৪। কক্সবাজার সদর উপজেলায় ০৬টি কিশোর-কিশোরী ক্লাব আছে। যে ক্লাবগুলো সরকারী প্রাথমিক বিদ্যালয়ে পরিচালিত হচ্ছে সপ্তাহে ২দিন, একদিন সংগীত ও একদিন আবৃত্তি শেখানো হয়। প্রতিটি ক্লাবে ২০ জন কিশোরী ও ১০ জন কিশোরসহ মোট ৩০ জন। | চলমান কার্যক্রমকে আরও ত্বরান্বিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কক্সবাজার। |
| **উপজেলা তথ্য আপা কেন্দ্রঃ** ঃ উপজেলা তথ্য কর্মকর্তা,সভায় জানান যে,<br>১। তথ্য কেন্দ্র সেবা ঃ- তথ্য কেন্দ্রের মাধ্যমে ৩০ জন মহিলাদের তথ্য প্রযুক্তিভিত্তিক সেবা প্রদান, চাকুরীর আবেদনপত্র পুরণ, ভর্তিপরিক্ষার ফরম পুরণ, বিভিন্ন পরিক্ষার ফলাফল, ই-মেইল, ম্যাসেঞ্জার, স্কাইপির সাহায্যে যোগাযোগ, কৃষি, শিক্ষা, ব্যবসা সংক্রান্ত পরামর্শ প্রদান, আইনি সহায়তার পরামর্শ প্রদান, ডায়াবেটিস পরিক্ষা , রক্তচাপ পরিক্ষা, তাপমাত্রা, ওজন মাপা, গ্রামীন নারীদের উৎপাদিত ও সংগৃহিত পণ্য বিক্রয়ের জন্য লাল সবুজ মার্কেট প্লেইস পরিচালনা, বয়স্কভাতা, প্রতিবন্ধী ভাতা ফরম, বিধবা ভাতা ও সমাজ সেবা চিকিৎসা ফরম পুরণ করে দেওয়া, নারী নির্যাতন বন্ধে সচেতনতা তৈরি করা ইত্যাদি সেবা প্রদান করা।<br>২। ডোর টু ডোর সেবাঃ- ডোর টু ডোর সেবার মাধ্যমে ৩০০ জন গ্রামিন মহিলাকে অফিস কার্যক্রম সম্পর্কে অবহিত করা, স্বাস্থ্য সেবা, তথ্য প্রযুক্তি সেবা, অনলাইনবৃত্তিক সেবা, উপজেলার বিভিন্ন দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে তথ্য প্রদান করে সহায়তা করা, নারী নির্যাতন, যৌতুক, বাল্য বিবাহ বিষয়ে সচেতনতা গড়ে তোলা, ব্যবসায়িক ক্ষেত্রে মহিলাদের অগ্রসর করা, লাল সুবুজ . কম সম্পর্কে জানানো, মহিলা উদ্যোক্তা তৈরি করার লক্ষ্যে মহিলাদের বিভিন্ন পরামর্শ প্রদান করে সেবা প্রদান করা হয়।<br>৩। বাল্য বিবাহঃ– তথ্য কেন্দ্রে, ডোর টু ডোর এবং উঠান বৈঠকের মাধ্যমে ৩৩০ জন মহিলাদেরকে বাল্য বিবাহ সম্পর্কে সচেতন করা হয় এবং এর কুফল সম্পর্কে অবগত করা হয়। | তথ্য আপা প্রকল্পের সেবা সম্পর্কে অবহিত করা, তথ্য প্রযুক্তি সংক্রান্ত, নারী নির্যাতন, বাল্য বিবাহ, সরকারী হেল্প লাইনগুলো সম্পর্কে মহিলাদের অবগত করা। লাল সবুজ . কম সম্পর্কে অবহিত করা।<br>তথ্য আপা প্রকল্পের সেবা সম্পর্কে অবহিত করা, নারী নির্যাতন, যৌতক, বাল্য বিবাহ বিষয়ে সচেতনতা গঠে তুলা,<br>গ্রামিণ মহিলাদের ক্ষুদ্র উদ্যোক্তা তৈরিতে সহায়তা করা, লাল সবু .কম ওয়েবসাইটে বিক্রেতা যোগ করা এবং মুক্ত আলোচনা করা। | তথ্য সেবা কর্মকর্তা (তথ্য আপা) কক্সবাজার সদর,কক্সবাজার |

আলোচনা-১ ঃ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, নিম্নোক্ত প্রকল্প ২টি বাস্তবায়নের জন্য ৬ষ্ঠ উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন হয়। কিন্তু উক্ত প্রকল্প ২টি মধ্যে একটি জাইগা সংক্রান্ত জটিলতা আর একটি সাইড সঠিকভাবে না হওয়ার কারণে উক্ত ওয়ার্ডের সংরক্ষিত মহিলা মেম্বার জনাব বুল বুল আক্তার এর আবেদনের প্রেক্ষিতে সরকারী প্রাইমারী স্কুল ও জনগনের চলাচলের সুবিধার্থে সংশোধিত প্রকল্প সভায় অনুমোদনে জন্য উপস্থাপন করেন।

| ক্রঃ নং | পূর্ব অনুমোদিত প্রকল্প | | সংশোধিত প্রকল্প | | |
|---|---|---|---|---|---|
| | নাম | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | প্রকল্পের নাম | সংশোধিত প্রাক্কলিত ব্যয় | বাস্তবায়নের ধরণ |
| ১। | ঝিলংজা ইউনিয়নে ০২নং ওয়ার্ডের হাজি পাড়া আব্দু শুক্কুরের বাড়ী হতে ফয়েজ ডাক্তারের বাড়ী পর্যন্ত ড্রেইন নির্মাণ। | ২,০০,০০০/- | ঝিলংজা ইউনিয়নে ০২নং ওয়ার্ডের হাজি পাড়া আলম ম্যানশন হতে সৈয়দুল হকে বাড়ী পর্যন্ত রাস্তা গাইডওয়াল ও আরসিসি ঢালাই দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০/- | পিআইসি |

| ক্রঃ নং | পূর্ব অনুমোদিত প্রকল্প | | সংশোধিত প্রকল্প | | |
|---|---|---|---|---|---|
| | নাম | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | প্রকল্পের নাম | সংশোধিত প্রাক্কলিত ব্যয় | বাস্তবায়নের ধরণ |
| ২। | ঝিলংজা ইউনিয়নে ০১নং ওয়ার্ডের দরিয়ানগর সরকারী প্রাথমিক বিদ্যালয় সংস্কার । | ২,০০,০০০/- | ঝিলংজা ইউনিয়নে ০১নং ওয়ার্ডের দরিয়ানগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পিছনে ছড়ার পার্শ্বে জিওব্যাগ দ্বারা গাইডওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- | পিআইসি |

আলোচনা-২ ঃ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, নিম্নোক্ত প্রকল্প ২টি বাস্তবায়নের জন্য ৬ষ্ঠ ও ১০ম উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন হয়। কিন্তু উক্ত প্রকল্প ২টি মধ্যে একটি সীমানা সংক্রান্ত জটিলতা আর একটি দুই পক্ষে মধ্যে সীমানা সংক্রান্ত জটিলতা কারণে উক্ত ওয়ার্ডের এমইউপি আলী হোসেন এবং সংরক্ষিত মহিলা মেম্বার জনাব ইসমত আরা এর আবেদনের প্রেক্ষিতে জনগনের চলাচলের সুবিধার্থে সংশোধিত প্রকল্প সভায় অনুমোদনে জন্য উপস্থাপন করেন।

**সিদ্ধান্ত:** সভায় বিশদভাবে আলোচনার পর পূর্ব অনুমোদিত ৪টি প্রকল্পের সংশোধিত প্রকল্প সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয় এবং উক্ত অর্থ উপজেলা উন্নয়ন তহবিল হতে মিটানোর সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন

**বাস্তবায়নে:** প্রশাসক উপজেলা পরিষদ, কক্সবাজার সদর, কক্সবাজার। ও উপজেলা নির্বাহী অফিসার কক্সবাজার সদর, কক্সবাজার।

উপজেলা প্রকৌশলী কক্সবাজার সদর, কক্সবাজার।



CamScanner

| ক্রঃ নং | পূর্ব অনুমোদিত প্রকল্প | | সংশোধিত প্রকল্প | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | নাম | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | প্রকল্পের নাম | সংশোধিত প্রাক্কলিত ব্যয় | বাস্তবায়নের ধরণ | | |
| ১। | ভারুয়াখালী ইউনিয়নে ১২নং ওয়ার্ডের পশ্চিম পাড়া মেইন রোড হইতে ফকির মোহাম্মদের বাড়ী পর্যন্ত সিসি ঢালাই দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০/- | ভারুয়াখালী ইউনিয়নে ১২নং ওয়ার্ডে পশ্চিম পাড়া মেইন রোড বাকী অংশ উন্নয়ন। | ২,০০,০০০/- | পিআইসি | | |

| ক্রঃ নং | পূর্ব অনুমোদিত প্রকল্প | | সংশোধিত প্রকল্প | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | নাম | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | প্রকল্পের নাম | সংশোধিত প্রাক্কলিত ব্যয় | বাস্তবায়নের ধরণ | | |
| ২। | ঝিলংজা ইউনিয়নে ০৮নং ওয়ার্ডের দক্ষিণ খরুলিয়া মেইন রোড় হতে আশরাফের বাড়ি পর্যন্ত সিসি ঢালাই দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০/- | ঝিলংজা ইউনিয়নে ০৮নং ওয়ার্ডের দক্ষিণ খরুলিয়া রোড় হতে মৌলভী আজিজুল হকের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি টালাই দ্বারা উন্নয়ন। | ২,০০,০০০/- | পিআইসি | | |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| আলোচনা:-৩ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে,প্রধান উপদেষ্টার কার্যালয়ের নির্দেশনার প্রেক্ষিতে জলবায়ূ উদ্বাস্তু পরিবার পূর্নবাসনের লক্ষ্যে উপকারভোগী বাছাই সংক্রান্ত ট্রেনিং আয়োজন করা হয়। উক্ত ট্রেনিং ব্যয় বাবদ নিম্নোক্ত প্রকল্পটি অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো। | উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর সংশ্লিষ্ট অনুচ্ছেদ অনুযায়ী বিধি বিধান অনুসরণ করে উক্ত টাকা উত্তোলণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ, কক্সবাজার সদর, কক্সবাজার। ও উপজেলা নির্বাহী অফিসার কক্সবাজার সদর, কক্সবাজার। |

| ক্রঃনং | রাস্তার নাম | প্রাক্কলতি টাকার পরিমান | বাস্তবায়নের ধরন |
|---|---|---|---|
| ০১ | জলবায়ূ উদ্বাস্তু পরিবার পূর্নবাসনের লক্ষ্যে উপকারভোগী বাছাই সংক্রান্ত ট্রেনিং | ৩,০০,০০০.০০ | বিল/ভাউচার |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| আলোচনা-১ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন যে, উপজেলা পরিষদের অন্তর্গত কক্সবাজার পৌরসভার ০৮ নং ওয়ার্ডে বৈদ্যঘোনার অধিবাসী, মৃত রিয়া মনি, পিতা- মুজিবুর রহমান, মাতা- নুর আয়েশা এর পক্ষে মাতা- নুর আয়েশাকে ১০,০০০/- টাকা প্রদান করা হয়। ১৯/০৬/২০২৫ খ্রিঃ তারিখ সন্ধা আনুমানিক ৭:০০ এর দিকে মৃত রিয়া মনি নিজ বাড়ী হতে অদূরে পার্শ্ববর্তী খালার বাড়িতে যাওয়ার সময় দলছুট একটি বন্য হাতির চলালের সামনে পড়ে গিয়ে আক্রমণের আহত হয়। পরবর্তীতে কক্সবাজার সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন। তদপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বলেন, প্রদানকৃত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে উত্তোলন করা প্রয়োজন এমতাবস্থায় উল্লেখিত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে উত্তোলনের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় সর্বসম্মতিক্রমে প্রদানকৃত ১০,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর সংশ্লিষ্ট অনুচ্ছেদ অনুযায়ী বিধি বিধান অনুসরণ করে উক্ত টাকা উত্তোলণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ, কক্সবাজার সদর, কক্সবাজার। ও উপজেলা নির্বাহী অফিসার কক্সবাজার সদর, কক্সবাজার। |

সভাপতি সকল বিভাগের প্রধান/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ প্রশাসকগণের কার্যক্রম/ পদক্ষেপের বিষয়ে প্রস্তাব উপস্থাপনের জন্য ধন্যবাদ জানান। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নীলুফা ইয়াসমিন চৌধুরী)
প্রশাসক
উপজেলা পরিষদ
কক্সবাজার সদর, কক্সবাজার।

স্মারক নং-০৫.২০.২২২৪.০০০.০০.০০.২৫ ৭৭৮/১

তারিখ ঃ ৩০/০৬/২০২৫ খ্রি.

**অনুলিপি ঃ- সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। জেলা প্রশাসক, কক্সবাজার।
০৫। পুলিশ সুপার, কক্সবাজার।

CamScanner

০৬। সিভিল সার্জন, কক্সবাজার।
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কক্সবাজার।
০৮। উপ পরিচালক স্থানীয় সরকার, কক্সবাজার।
০৯। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) কক্সবাজার।
১০। উপজেলা........................................অফিসার (সকল) কক্সবাজার।
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কক্সবাজার মডেল থানা।
১২। চেয়ারম্যান ................................ (সকল) ইউপি।
১৩। সহকারী প্রোগ্রামার, উপজেলা পরিষদ, সদর, কক্সবাজার।
১৪। অফিস কপি

(নীলুফা ইয়াসমিন চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
কক্সবাজার সদর, কক্সবাজার।

CamScanner